

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
প্রশাসন শাখা (সেবা)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.mos.gov.bd

বিষয়: বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ঢাকায় অনুষ্ঠেয় “ডিজিটাল ওয়ার্ল্ড ২০২০” এর ই-গভর্নেন্স জোনে মেলায় অংশগ্রহণের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী  
সচিব  
সভার তারিখ : ১৭-১১-২০২০  
সভার সময় : সকাল ১০.০০ টা  
সভার স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভা কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট ‘ক’।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ঢাকাস্থ দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ সভায় সরাসরি আলোচনায় অংশগ্রহণ করেন, ঢাকার বাইরে অবস্থিত দপ্তর/সংস্থার প্রতিনিধিগণ জুম ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে আলোচনায় অংশগ্রহণ করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) জনাব মোঃ আমিরুল কায়ছার সভাকে অবহিত করেন যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে দেশের সর্ববৃহৎ আইসিটি বিষয়ক মেলা “ডিজিটাল ওয়ার্ল্ড ২০২০” আগামী ০৯-১১ ডিসেম্বর ২০২০ তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজন করা হবে। মাননীয় প্রধানমন্ত্রী ০৯ ডিসেম্বর ২০২০ তারিখ মেলা উদ্বোধন করবেন। করোনা ভাইরাসজনিত কারণে স্বাস্থ্য বিধি মেনে সম্পূর্ণ ভারুয়াল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হবে, সে জন্য প্রদর্শনীর স্টল/বুথও ভারুয়াল প্ল্যাটফর্মে হবে। এতে বাস্তব জগতের স্টল/বুথ এর মতই স্টল/বুথ থাকবে এবং দর্শনার্থীরাও স্টল/বুথ পরিদর্শন করতে পারবেন।

০২। সভাপতি বলেন যে, নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থাসমূহ এ মেলাতে অংশগ্রহণ করবে। ওয়ার্ল্ড ২০২০ এ অংশগ্রহণ করে আইসিটিনির্ভর উদ্ভাবনী ই-সার্ভিসের মাধ্যমে নৌপরিবহন মন্ত্রণালয়ের সাম্প্রতিক অর্জন যথাযথভাবে প্রতিফলিত হয়, সে বিষয়ে আগ্রহী দপ্তর/সংস্থাকে আন্তরিকভাবে কাজ করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) ডিজিটাল ওয়ার্ল্ড, ২০২০-তে নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক ইলেকট্রনিক প্রযুক্তির আওতায় স্ব-স্ব প্রতিষ্ঠানের আইসিটি নির্ভর সাম্প্রতিক উদ্ভাবনী ই-সার্ভিস কার্যক্রমকে প্রদর্শন করতে হবে। সে লক্ষ্যে প্রয়োজনীয় কনটেন্ট (ভিডিও, অডিও, টেক্সট ইত্যাদি) আগামী ২৫ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

(খ) নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থা হতে আইসিটি বিষয়ে অভিজ্ঞ ১ জন কর্মকর্তা এবং দপ্তর/সংস্থা সম্পর্কে সম্যক ধারণা রাখেন এমন ১ জন কর্মকর্তা মোট ২ জন প্রতিনিধির নাম আগামী ২৫ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।



(গ) ডিজিটাল ওয়ার্ল্ড ২০২০ এর ই-গভর্নেন্স জোনে অংশগ্রহণের বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত কন্টেন্ট সম্পাদনা ও মেলার সার্বিক তত্ত্বাবধানের জন্য নিম্নরূপে একটি কমিটি গঠন করা হবেঃ

- |  |            |
|--|------------|
| • জনাব সঞ্জয় কুমার বণিক, অতিরিক্ত সচিব (সংস্থা-২) | আহবায়ক    |
| • জনাব মোঃ মনিরুজ্জামান মিল্লা, উপসচিব             | সদস্য      |
| • বেগম রেবেকা সুলতানা, উপসচিব                      | সদস্য      |
| • জি.এম. ফয়সাল আহমদ, সিস্টেম এনালিস্ট             | সদস্য      |
| • সৈয়দ মোহাম্মদ অলিউর রহমান, প্রোগ্রামার          | সদস্য সচিব |

৩। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ  
১৯-১১-২০২০  
মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী  
সচিব  
নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা

নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০০৪.১৯-১২৭৭


তারিখঃ ২০-১১-২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা মিশন/চবক/মোবক/পাবক/বাস্থবক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি।
- ২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
- ৪। কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম।
- ৫। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম।
- ৬। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম।

অনুলিপিঃ

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন/সংস্থা-১/সংস্থা-২/উন্নয়ন/বন্দর), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

  
(মোঃ আমিরুল কায়ছার)  
সিনিয়র সহকারী সচিব